

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ঔষধ প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd



নং- ৪৫.০০.০০০০.১৮২.২০.০৮৪.১৬-২৪৯

তারিখ: ১৩ কার্তিক ১৪২৭
২৯ অক্টোবর ২০২০

বিষয়: ঔষধ নিয়ন্ত্রণ এবং ঔষধ প্রশাসন অধিদপ্তরের বিভিন্ন কমিটির সদস্য ও পর্যবেক্ষকদের সম্মানী পুনঃনির্ধারণ এবং কমিটির সভাপতি ও সদস্য-সচিব হিসেবে অভ্যন্তরীণ কর্মকর্তাদের সম্মানী প্রদানে সম্মতি।

সূত্র: অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১৭২.৩২.০০৮.১৩-২৬৭, তারিখ: ০৭/১০/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঔষধ নিয়ন্ত্রণ এবং ঔষধ প্রশাসন অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রম বিষয়ক সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত নিম্নবর্ণিত ০৭টি কমিটি/ সাব কমিটির প্রতি সভায় উপস্থিতির জন্য প্রতি কমিটির সভাপতি, সদস্য-সচিব, সদস্য এবং পর্যবেক্ষকদের জনপ্রতি ২,০০০/- (দুই হাজার) টাকা হারে সম্মানী প্রদানে নিম্নোক্ত শর্তে অর্থ বিভাগ সম্মতি জ্ঞাপন করেছে।

শর্তাবলি:

- এ ব্যয়ে যাবতীয় আর্থিক বিধিবিধান প্রতিপালন করতে হবে;
- নিজস্ব Resource ceiling এর মধ্যে এ ব্যয় নির্বাহ করতে হবে, অতিরিক্ত বরাদ্দ দাবি করা যাবে না;
- এ ব্যয়ে কোন আর্থিক অনিয়ম পরিলক্ষিত হলে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
- আদেশ জারির তারিখ হতে এ হার কার্যকর হবে;
- এক দিনে একাধিক সভা অনুষ্ঠিত হলেও সম্মানী একবার প্রাপ্য হবেন; এবং
- অর্থ বিভাগের ১০/০৮/২০২০ খ্রি. তারিখের ১৭৬ নং স্মারকের আদেশটি বাতিল বলে গণ্য হবে।

কমিটি সমূহ:

ক্র:নং	কমিটির নাম	সদস্য/ পর্যবেক্ষক সংখ্যা	কমিটির সভাপতি ও সদস্য সচিব
০১.	ঔষধ নিয়ন্ত্রণ কমিটি	(ক) সদস্য সংখ্যা ২১ জন (খ) পর্যবেক্ষক সংখ্যা ০৫ জন	-- সভাপতি-সচিব স্বাস্থ্য সেবা বিভাগ -- সদস্য সচিব-মহাপরিচালক ঔষধ প্রশাসন অধিদপ্তর
০২.	ঔষধ নিয়ন্ত্রণ কমিটির টেকনিক্যাল সাব-কমিটি	(ক) সদস্য সংখ্যা ১৫ জন (খ) পর্যবেক্ষক সংখ্যা ০৬ জন	-- সভাপতি-মহাপরিচালক ঔষধ প্রশাসন অধিদপ্তর -- সদস্য সচিব-পরিচালক ঔষধ প্রশাসন অধিদপ্তর
০৩.	স্ট্যান্ডিং কমিটি ফর ইম্পোর্ট অব ফার্মাসিউটিক্যালস কমিটি	(ক) সদস্য সংখ্যা ০৫ জন (খ) পর্যবেক্ষক সংখ্যা ০২ জন	-- সভাপতি-মহাপরিচালক ঔষধ প্রশাসন অধিদপ্তর -- সদস্য সচিব-পরিচালক ঔষধ প্রশাসন অধিদপ্তর
০৪.	নতুন ঔষধ শিল্প স্থাপনের জন্য প্রকল্প মূল্যায়ন কমিটি	(ক) সদস্য সংখ্যা ০৪ জন (খ) পর্যবেক্ষক সংখ্যা ০৪ জন	-- সভাপতি-মহাপরিচালক ঔষধ প্রশাসন অধিদপ্তর -- সদস্য সচিব-পরিচালক ঔষধ প্রশাসন অধিদপ্তর
০৫.	এডভার্স ড্রাগ রিয়েকশন এডভাইজরী কমিটি	(ক) সদস্য সংখ্যা ১৭ জন	-- সভাপতি-মহাপরিচালক ঔষধ প্রশাসন অধিদপ্তর -- সদস্য সচিব-পরিচালক ঔষধ প্রশাসন অধিদপ্তর

(স্বাক্ষর)

অ: পৃ: দ্র:

০৬.	ঔষধ আপীল কর্তৃপক্ষ	(ক) সদস্য সংখ্যা ১২ জন	- চেয়ারম্যান-মাননীয় মন্ত্রী স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় - সদস্য সচিব-উপসচিব (ঔষধ প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ
০৭.	হার্বাল ঔষধ এডভাইজরী কমিটি (ঔষধ নিয়ন্ত্রণ কমিটির টেকনিক্যাল সাব- কমিটি)	(ক) সদস্য সংখ্যা ১১ জন (খ) পর্যবেক্ষক সংখ্যা ০৩ জন	- সভাপতি-মহাপরিচালক ঔষধ প্রশাসন অধিদপ্তর - সদস্য সচিব-পরিচালক ঔষধ প্রশাসন অধিদপ্তর

এমতাবস্থায়, অর্থ বিভাগের সম্মতি অনুযায়ী উল্লিখিত শর্তাবলি অনুসরণপূর্বক 'ঔষধ নিয়ন্ত্রণ এবং ঔষধ প্রশাসন অধিদপ্তরের উক্ত ০৭টি কমিটি/ সাব কমিটি'র প্রতি সভায় উপস্থিতির জন্য প্রতি কমিটির সভাপতি, সদস্য-সচিব, সদস্য এবং পর্যবেক্ষকদের জনপ্রতি ২,০০০/- (দুই হাজার) টাকা হারে সম্মানী ভাতা ০৭/১০/২০২০ খ্রি. তারিখ হতে কার্যকর করণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

২৯.১০.২০২০

মোহাম্মদ মোস্তাফিজুর রহমান
সহকারী সচিব
ফোন- ৯৫৪৫৪৬২
E-mail: drugad1@hsd.gov.bd

মহাপরিচালক
ঔষধ প্রশাসন অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

অনুলিপি:

- ০১। উপসচিব (প্রবিধি-২ অধিশাখা), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অতিরিক্ত সচিব (ঔষধ প্রশাসন অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, ঢাকা।
- ০৬। অফিস কপি।